DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 04:48 PM

সারাদেশ

বগুড়ায় অনলাইন অ্যাপে প্রতারণা,ডিবির অভিযানে গ্রেপ্তার ৩

প্রতিবেদক: বগুড়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২২ অক্টোবর ২০২৬, ০৯:১৯ PM



বগুড়ায় ডিজিটাল ওয়ালেট ও বিভিন্ন অনলাইন অ্যাপ ব্যবহার করে প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাৎ এবং অবৈধ ই-ট্রানজেকশনের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি)।

বৃহস্পতিবার (২২ অক্টোবর) ভোর ৪টার দিকে বগুড়া শহরের কলোনি এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন নাজিম উদ্দিন (৪২)-এর সহযোগী মো. ওবায়দুর রহমান (৪০) ও নুরুল ইসলাম (৪১)। নাজিম উদ্দিনকে এ চক্রের মূলহোতা হিসেবে উল্লেখ করা হয়েছে।

অভিযানকালে তাদের কাছ থেকে অপরাধে ব্যবহৃত চারটি মোবাইল ফোন ও পাঁচটি সিম কার্ড জব্দ করা হয়। জব্দ করা মোবাইল ফোনে Binance, Cross Market, Platin Passport, Abrix Labs ও Fundfx-সহ বিভিন্ন অ্যাপের মাধ্যমে লেনদেনের তথ্য পাওয়া গেছে।

প্রাথমিক তদন্তে জানা যায়, অনলাইন প্ল্যাটফর্মে অ্যাকাউন্ট খোলার প্রলোভন দেখিয়ে গ্রাহকদের কাছ থেকে অর্থ সংগ্রহ করত চক্রটি। পরে অবৈধ ডিজিটাল লেনদেনের মাধ্যমে প্রতারণা করে অর্থ আত্মসাৎ করা হতো বলে অভিযোগ রয়েছে।

এ ঘটনায় গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে বগুড়া সদর থানায় সাইবার সুরক্ষা আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ঝালকাঠিতে ডাকাতির প্রস্তুতির অভিযোগে ৮ জন গ্রেপ্তার
ঝালকাঠিতে ডাকাতির প্রস্তুতি ও সংশ্লিষ্ট অপরাধে জড়িত থাকার অভিযোগে আটজনকে গ্রেপ্তার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮ বরিশাল। গ্রেপ...



কুষ্টিয়ার কুশলীবাসা এখন □শিমের গ্রাম□, উৎপাদনের লক্ষ্যমাত্রা ২ হাজার মণ
মাঠজুড়ে সবুজের সমারোহ। বাঁশের মাচায় ঝুলছে থোকায় থোকায় শিম। কেউ ব্যস্ত শিম তুলতে, কেউ করছেন গাছের পরিচর্যা। আগাম জাতের শীতকালীন শিম চাষ করে ব...



বিজয়নগর সীমান্তে ৭ হাজার ভারতীয় ইয়াবা জব্দ
ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর সীমান্তে অভিযান চালিয়ে মালিকবিহীন ৭ হাজার পিস ভারতীয় ইয়াবা জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। তবে এ ঘটনায় কা...



বেনাপোল সীমান্তে সাড়ে ১৭ লাখ টাকার ভারতীয় পণ্য জব্দ

যশোরের বেনাপোল সীমান্তে অভিযান চালিয়ে ১৭ লাখ ৬১ হাজার ৬০০ টাকা মূল্যের ভারতীয় চোরাচালানি পণ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।বুধব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bguray-onlain-ojape-prtarnadibir-obhijane-greptar-3